



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/যশোর-৪৯/ ২২৫৫/৬

তারিখঃ ৬.০৪.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

- ১) সূত্র : নং-বামাশিবো/প্রশা/২৩১১৮১১৬০৬৫১/১৪৯৫০/নথি নং-৪৯; তারিখ: ২৪/০১/২০১৯ খ্রি:
- ২) সূত্র : নং-০৫.৪৪.৪১৪৭.০০০.২১.০০১.১৯-১৫২/১(৫); তারিখ: ১৮/০২/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন চান্দুটিয়া মঈনুল ইসলাম দাখিল মাদ্রাসার এডহক কমিটি অত্র বোর্ড কর্তৃক ০১ (এক) নং সূত্রের স্মারকে অনুমোদন দেওয়া হয়। উক্ত এডহক কমিটির বিরুদ্ধে মোঃ গোলাম মোস্তফা (সাবেক সভাপতি) একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের প্রেক্ষিতে অত্র বোর্ড তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোরকে একটি পত্র দেয়া হলে তিনি ০২ নং সূত্রের স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনে দেখা যায় মাদ্রাসার সুপার মোঃ আব্দুস সাত্তার অসদুপায় অবলম্বনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, জেলা শিক্ষা অফিসার এবং মাননীয় সংসদ সদস্য মহোদয়ের স্বাক্ষর জালিয়াতি করে ভূয়া কাগজপত্রের মাধ্যমে মাদ্রাসা বোর্ড কর্তৃক এডহক কমিটি অনুমোদন করিয়েছেন বলে প্রতিবেদনে উল্লেখ করেছেন। অভিযোগকারীর অভিযোগের সাথে তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন মিল থাকায় অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিয়মান হয়। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন এর আলোকে অনুমোদিত অবৈধ এডহক কমিটি বাতিল এবং মাদ্রাসার সুপার মোঃ আব্দুস সাত্তার এর বিরুদ্ধে কেন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না এই মর্মে পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩৫

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

সুপার
চান্দুটিয়া মঈনুল ইসলাম দাখিল মাদ্রাসা।
সদর, যশোর।

নং-বামাশিবো/প্রশাসন/যশোর -৪৯/ ২২৫৫/৬

তারিখঃ ৬.০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

৭. জেলা প্রশাসক, যশোর।
৮. জেলা শিক্ষা অফিসার, যশোর।
৯. উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
১১. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. অফিস কপি।

৩৫

মোঃ মজিবুর রহমান
উপ রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং ৯৬১৬৭৪৮৭৪